বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১
www.bmeb.gov.bd

নং- ৫৭.১৬.০০০০.০০৬.৩১.০০১.২৬-৪৫৮

তারিখ: ০৪ অগ্রহায়ণ, ১৪৩৩ / ১৯ নভেম্বর , ২০২৬

বিষয়: ২০২৩, ২০২৪, ২০২৫ ও ২০২৬ শিক্ষাবর্ষে দাখিল ৬ষ্ঠ শ্রেণিতে অধ্যয়নরত বাদপড়া শিক্ষার্থীদের অনলাইনে রেজিস্ট্রেশনকরণ প্রসঙ্গে।

এতদ্দ্বারা বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাধীন স্বীকৃতিপ্রাপ্ত ও পাঠদানের অনুমতিপ্রাপ্ত দাখিল/আলিম এবং আরবি বিশ্ববিদ্যালয় অধিভূক্ত ফাযিল/কামিল পর্যায়ের মাদ্রাসার অধ্যক্ষ/সুপারসহ সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৩, ২০২৪, ২০২৫ ও ২০২৬ শিক্ষাবর্ষে দাখিল ৬ষ্ঠ শ্রেণিতে অধ্যয়নরত বাদপড়া শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্যক্রমের e-SIF পূরণের সময়সীমা নিম্নোক্তভাবে নির্দেশক্রমে নির্ধারণ করা হলো।

অনলাইনে ফি জমাদান ও e-SIF Submission এর সময় সূচী

ক্রম	বিবরণ	বর্ধিতকরণের সময়সীমা
(ক)	অনলাইনে রেজিস্ট্রেশন ফি জমা (বিলম্বসহ ফি সিস্টেমে জমা হওয়ার পরই কেবলমাত্র তথ্য আপলোডের জন্য নতুন এন্ট্রি অপশন পাওয়া যাবে)	২২/১১/২০২৬ থেকে ০২/১২/২০২৬ পর্যন্ত
(খ)	তথ্য (eSIF) এন্ট্রির সর্বশেষ তারিখ	০৩/১২/২০২৬

২ উল্লেখ্য, বর্ণিত তারিখের পর পরবর্তীতে কোন অবস্থাতেই উক্তরূপ বাদপড়া শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন করার সুযোগ দেয়া হবে না। নির্দিষ্ট সময়ের মধ্যে রেজিস্ট্রেশন না হলে এর দায়-দায়িত্ব প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে। অন্য বোর্ড হতে আগত টিসির মাধ্যমে ভর্তিকৃত শিক্ষার্থীদের উক্ত সময়সীমার মধ্যে রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করতে হবে।

বি:দ্র: শুধুমাত্র রেজিস্ট্রেশন ফি প্রদান ও তথ্য এন্ট্রি সংক্রান্ত সমস্যার সমাধানের জন্য অফিস সময়ের মধ্যে প্রতিষ্ঠানের EIIN ভিত্তিক সিম নম্বর দিয়ে ০১৭১৩-০৬৮৯০৯ যোগাযোগ করতে হবে।

১৯/১১/২৬

প্রফেসর এস এম তৌহিদুজ্জামান
রেজিস্ট্রার
ফোনঃ ০২-৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

অধ্যক্ষ/সুপারিনটেনডেন্ট/প্রতিষ্ঠান প্রধান
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড-এর আওতাধীন অনুমোদিত সংশ্লিষ্ট সকল মাদ্রাসা।

নং- ৫৭.১৬.০০০০.০০৬.৩১.০০১.২৬-৪৫৮ (৭)

তারিখ: ০৪ অগ্রহায়ণ, ১৪৩৩ / ১৯ নভেম্বর, ২০২৬

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. পরীক্ষা নিয়ন্ত্রক/মাদ্রাসা পরিদর্শক/প্রকাশনা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড;
২. ব্যবস্থাপক, সোনালী ব্যাংক পিএলসি, বিএমইবি শাখা, ঢাকা (সোনালী পেমেন্ট গেটওয়ে সংক্রান্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);
২. সিনিয়র পরামর্শক/প্রোগ্রামার, কম্পিউটার সেন্টার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);
৩. প্রোগ্রামার (আইসিটি সেল), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (পত্রটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ);
৪. হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড;
৫. সহকারী পরিদর্শক, ময়মনসিংহ/চট্টগ্রাম/কুমিল্লা/সিলেট/রাজশাহী/রংপুর/খুলনা ও বরিশাল আঞ্চলিক কার্যালয়;
৬. পি ও টু চেয়ারম্যান (সহকারী প্রোগ্রামার), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড (মহোদয়ের সদয় অবগতির জন্য);
৭. অফিস কপি।

১৯/১১/২৬

মোঃ জিয়াউর রহমান
উপ-রেজিস্ট্রার (কমন)
ফোন: ০২-২২৩৩৬৫৪০৩
ই-মেইল: dradmin@bmeb.gov.bd